



[একই স্মারক ও তারিখের বিকল্প আদেশ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৫৬০

তারিখ: ১৫/১২/২০২১ খ্রি.

বিষয়: সারাদেশের বেসরকারি (মহানগর ও জেলা পর্যায়) মাধ্যমিক মাধ্যমিক বিদ্যালয়ে ২০২২ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া অনুষ্ঠান আয়োজন।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.৯৯.০১৩.১৭.৬৪৭; তারিখ: ১৪ নভেম্বর ২০২১
২। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৩৮০; তারিখ: ১৬/১১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ শিক্ষাবর্ষে বেসরকারি (মহানগর ও জেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া ডিজিটাল লটারির মাধ্যমে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

উক্ত সিদ্ধান্তের আলোকে বেসরকারি (মহানগর ও জেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ের ডিজিটাল লটারি অনুষ্ঠান **১৯/১২/২০২১ খ্রি. রবিবার বিকাল ৩:০০ টায় নায়েম, ঢাকায়** অনুষ্ঠিত হবে। শিক্ষার্থী নির্বাচনের ডিজিটাল লটারির এ অনুষ্ঠান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ফেসবুক পেইজ (<http://www.facebook.com/dshe.moebd>) এবং বিভিন্ন টেলিভিশন চ্যানেল সরাসরি সম্প্রচার করবে। উল্লেখ্য, উক্ত ডিজিটাল লটারি অনুষ্ঠানে ডা. দীপু মনি, এম.পি. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব মহিবুল হাসান চৌধুরী, এম.পি. মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এবং জনাব মো: মাহবুব হোসেন, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

এমতাবস্থায়, ২০২২ শিক্ষাবর্ষে বেসরকারি (মহানগর ও জেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে ডিজিটাল লটারির এ অনুষ্ঠানে সকলকে সংযুক্ত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (মহানগর ও জেলা পর্যায়)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক)]

২। জেলা প্রশাসক (সকল)

৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [পত্রের মর্মানুযায়ী বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

[পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা [পত্রের মর্মানুযায়ী বাস্তবায়নের অনুরোধসহ]

৭। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা


৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা [পত্রের মর্মানুযায়ী বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]

৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

১০। পিএ টু পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

[পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

১১। সংরক্ষণ নথি


১৫.১২.২০২১

(মোহাম্মদ আজিজ উদ্দিন)

উপপরিচালক (মাধ্যমিক)

০২-৪১০৫০২৮৩

dd-sec@dshe.gov.bd